



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৯ অক্টোবর ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

সংখ্যালঘুদের ওপর হামলাকারী দুর্বৃত্তদের বিচার ও শাস্তির দাবিতে

### মহালছড়িতে ইউপিডিএফের বিক্ষোভ

কুমিল্লা ও রংপুরের পীরগঞ্জসহ দেশের বিভিন্ন স্থানে সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর হামলাকারী দুর্বৃত্তদের বিচার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে খাগড়াছড়ির মহালছড়িতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) মহালছড়ি ইউনিট।

‘দেশে প্রকৃত জনপ্রতিনিধিত্বকারী সরকার চাই’ শ্লোগানে আজ শুক্রবার (২৯ অক্টোবর ২০২১) দুপুর ১:০০টার সময় একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিল শেষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন ইউপিডিএফ’র মহালছড়ি ইউনিটের সমন্বয়ক দিগন্ত চাকমা ও সংগঠক বিজগ খীসা।

সমাবেশে বক্তারা বলেন, গত শারদীয় দুর্গোৎসব ও তার পরবর্তী সময়ে কুমিল্লা, নোয়াখালীর চৌমুহনী, রংপুরের পীরগঞ্জসহ দেশের বিভিন্ন স্থানে সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর হামলা, মন্দির-পূজামন্ডপ, ঘরবাড়ি-ব্যবসা প্রতিষ্ঠান ভাংচুর, অগ্নিসংযোগ ও লুটপাটের যে বর্বর ঘটনা সংঘটিত হয়েছে তার জন্য আমরা তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই। সরকার যে সংখ্যালঘুদের জানমালের নিরাপত্তা দিতে ব্যর্থ এই হামলার ঘটনাগুলোই তা প্রমাণ করেছে। তাই সরকার কোনভাবে এর দায় এড়াতে পারে না।

বক্তারা আরো বলেন, ক্ষমতাসীন সরকার অসাম্প্রদায়িকতার কথা বলে মুখে ফেনা তুললেও সংবিধানে রাষ্ট্রধর্ম ও উগ্র বাঙালি জাতীয়তাবাদ বহাল রেখে কার্যত সাম্প্রদায়িকতাকেই আঁকড়ে ধরে রয়েছে। আর এই সুযোগকে কাজে লাগিয়েই ধর্মান্ধ গোষ্ঠীগুলো দেশের ভিন্ন ভাষাভাষী ও ধর্মীয় সংখ্যালঘুদের ওপর বার বার হামলা চালিয়ে যাচ্ছে। কিন্তু পার্বত্য চট্টগ্রামসহ দেশে অতীতে অসংখ্য সাম্প্রদায়িক হামলার ঘটনা ঘটলেও সরকার তার স্বার্থ ক্ষুণ্ণ হওয়ার ভয়ে কোন ঘটনারই বিচার করেনি।

সমাবেশ থেকে বক্তারা অবিলম্বে সংখ্যালঘুদের ওপর হামলার সাথে জড়িত প্রকৃত অপরাধী ও তাদের মদদদাতাদের চিহ্নিত করে বিশেষ ট্রাইব্যুনালের মাধ্যমে বিচার ও দৃষ্টান্তমূলক শাস্তি এবং দেশের সকল সংখ্যালঘু জাতির নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)।